# রূপকল্প ২০২১

## শিল্প মন্ত্রণালয়: সমৃদ্ধি ও সাফল্যের ৪ বছর

### ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে মধ্যম আয়ের দেশে রূপান্তরে শিল্প মন্ত্রণালয় প্রতিশ্রুতিবদ্ধ




দেশের গণতন্ত্রের ইতিহাসে একটি ক্রান্তিকাল অতিক্রম করে ২০০৮ সালের ২৯ ডিসেম্বর অনুষ্ঠিত হয় একটি অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ জাতীয় সংসদ নির্বাচন। এতে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে মহাজোট জনগণের নিরঙ্কুশ সমর্থন লাভ করে। এর ধারাবাহিকতায় ২০০৯ সালের ৬ জানুয়ারি যাত্রা শুরু করে মহাজোট সরকার। আজ মহাজোট সরকারের চার বছর পূর্ণ হলো। বিগত চার বছর বিশ্ব অর্থনৈতিক মন্দার নেতিবাচক প্রভাব এবং শিল্পখাতে দীর্ঘদিনের পুঞ্জিভূত জঞ্জাল ও সমস্যা মোকাবেলা করতে হয়েছে। এর ভেতর দিয়েই গত চার বছরে শিল্পখাতে ইতিবাচক পরিবর্তন আনার প্রাণান্তকর চেষ্টা চলেছে। ফলে বর্তমানে দেশের শিল্পখাতে দৃশ্যমান অগ্রগতি পরিলক্ষিত হচ্ছে।


১৯৫৬ সালে যুক্তফ্রন্ট সরকারের শিল্পমন্ত্রী থাকাকালে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

**নীতি প্রণয়ন:** বিশ্ব অর্থনীতির চলমান ধারা ও রূপকল্প-২০২১ এর সাথে সমন্বয় করে জাতীয় শিল্পনীতি-২০১০ প্রণয়ন করা হয়েছে। এ শিল্পনীতির আলোকে স্বল্প, মধ্যম ও দীর্ঘমেয়াদে দেশকে শিল্পায়িত করার প্রচেষ্টা চলছে। ইতোমধ্যে শিল্প উন্নয়ন ও উদ্ভাবন আইন-২০১২ এর খসড়া প্রণয়ন করা হয়েছে। জাতীয় সংসদের শীতকালীন অধিবেশনে এ আইন পাসের জন্য উত্থাপন করা হবে। এছাড়া লবণ চাষিদের সুরক্ষায় জাতীয় লবণ নীতি-২০১১ এবং শিল্প উদ্যোক্তাদের জন্য শিল্প প্লট বরাদ্দ নীতিমালা-২০১০ প্রণয়ন করা হয়েছে। অটোমোবাইল সেক্টর ডেভেলপমেন্ট রোডম্যাপ, জাতীয় কোয়ালিটি নীতি ও সমন্বিত বিনিয়োগ নীতি প্রণয়নের কাজ অব্যাহত রয়েছে।



**আইন ও বিধিমালা প্রণয়ন:** পরিবেশবান্ধব জাহাজ ভাঙ্গা ও পুনঃপ্রক্রিয়াজাতকরণকে শিল্প হিসেবে ঘোষণা করা হয়েছে। এ লক্ষ্যে 'জাহাজ ভাঙ্গা ও রিসাইক্লিং বিধিমালা-২০১১' প্রণয়ন করা হয়েছে। মেধাসম্পদের মালিকানা সুরক্ষায় ট্রেডমার্কস আইন-২০০৯ পাস করেছে। এছাড়া ভৌগোলিক নির্দেশক আইন (জিআই 'ল') ২০১২, বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন আইন-২০১২, বাংলাদেশ পেটেন্ট আইন-২০১২, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন আইন-১৯৫৭ (সংশোধনী-২০১২), জাহাজ নির্মাণ শিল্প নীতিমালা-২০১২ এবং ট্রেডমার্ক বিধিমালা-২০১২ প্রণয়নের কাজ শেষ পর্যায়ে আছে।






**বিএসটিআই'র আধুনিকায়ণ:** বিএসটিআই কেন্দ্রীয় ভবনে আন্তর্জাতিকমানের ন্যাশনাল মেট্রোলজি ল্যাবরেটরি স্থাপন করা হয়েছে। বিএসটিআই'র দু'টি আঞ্চলিক কার্যালয় নির্মাণ সম্পন্ন হয়েছে। গত চার বছরে ভেজাল প্রতিরোধে বিএসটিআই ৬ হাজার ২ শ' ৭৪ টি ভ্রাম্যমান আদালত ও সার্ভিল্যান্স টিম পরিচালনা করেছে। এর আওতায় ১৪ হাজার ৫ শ' ৯৭টি মামলা দায়ের এবং ১৪ কোটি ৩৯ লাখ ৮৬ হাজার টাকা জরিমানা আদায় হয়েছে। এছাড়া সঠিক ওজন ও পরিমাপে কারচুপি প্রতিরোধে একই সংখ্যক ভ্রাম্যমান আদালত ও সার্ভিল্যান্স টিম পরিচালনা করে গত চার বছরে ৭ হাজার ২ শ' ৬৬ টি মামলা দায়ের এবং ২ কোটি ২ লাখ ৫৭ হাজার টাকা জরিমানা আদায় হয়েছে।

**নতুন সার কারখানা স্থাপন ও বাফার গুদাম নির্মাণ:** দীর্ঘ ২০ বছর পর বার্ষিক ৫ লাখ ৮০ হাজার মেট্রিক টন ক্ষমতাসম্পন্ন শাহজালাল সার কারখানা নামে একটি নতুন ইউরিয়া সার কারখানা নির্মাণ কাজ শুরু করা হয়েছে। এটি চালু হলে, দেশে সার ব্যবস্থাপনায় নতুন মাত্রা যুক্ত হবে। আপদকালীন সার মজুদ ও সংরক্ষণের জন্য চট্টগ্রামের কর্ণফুলি নদীর তীরে ২টি নতুন বাফার গুদাম নির্মাণ করা হয়েছে। প্রতিটি ২৫ হাজার মেট্রিক টন ধারণ ক্ষমতাসম্পন্ন নতুন গুদাম দু'টিতে ৫০ হাজার মেট্রিক টন সার সংরক্ষণ করা যাবে।

**সুষ্ঠু সার ব্যবস্থাপনা:** বিগত চার বছর ধরে দেশে সুষ্ঠু সার সরবরাহ ও ব্যবস্থাপনা শিল্পখাতে মহাজোট সরকারের অন্যতম অর্জন। এ চার বছরে দেশে সার নিয়ে কোথাও কোনো ধরণের সংকট হয়নি। অতীতের মতো সারের পেছনে কৃষকদের ঘুরতে হয়নি। বরং সার কৃষকের পেছনে ঘুরেছে। তিন দফায় নন-ইউরিয়া সারের দাম প্রায় অর্ধেক কমিয়ে চাষিদের ক্রয় ক্ষমতার মধ্যে আনা হয়েছে।



**পাজেরো স্পোর্ট জিপ সিআর-৪৫ সংযোজন:** জাপানের মিটসুবিসি মটরস কর্পোরেশনের সহায়তায় শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন প্রতিষ্ঠান প্রগতি ইন্ডাস্ট্রিজ লিমিটেডে পাজেরো স্পোর্ট জিপ সিআর-৪৫ সংযোজন করে বাজারজাত করা হচ্ছে। এছাড়া সিডান কার সংযোজনের প্রক্রিয়াও অব্যাহত রয়েছে।

**শ্রমিকের অবসর গ্রহণের বয়সসীমা বৃদ্ধি:** নির্বাচনী অঙ্গীকার অনুযায়ী মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশে রাষ্ট্রায়ত্ত কল-কারখানায় শ্রমিকের অবসর গ্রহণের বয়স ৫৭ থেকে ৬০ বছরে পুনর্বহাল করা হয়েছে। ফলে রাষ্ট্রায়ত্ত কল-কারখানায় শ্রমবান্ধব উৎপাদন পরিবেশ বিরাজ করছে।

**মটর সাইকেল উৎপাদনের উদ্যোগ:** জাপানের উন্নত প্রযুক্তিতে বাংলাদেশে মটর সাইকেল সংযোজন ও উৎপাদনের জন্য বিশ্বখ্যাত হোন্ডা মটরস কর্পোরেশনের সাথে বিএসইসি'র চুক্তি স্বাক্ষর করেছে। চুক্তির আওতায় ইতোমধ্যে বাংলাদেশ হোন্ডা প্রাইভেট লিমিটেড কোম্পানি গঠন করা হয়েছে। তেজগাঁও বিএসইসি'র নিজস্ব জমিতে ১৪তলা বিশিষ্ট একটি ওয়ার্কশপ-কাম-শো-রুম নির্মাণ করা হচ্ছে।



**জাতীয় উৎপাদনশীলতা দিবস ঘোষণা:** শিল্পখাতে উৎপাদনশীলতা বিষয়ক জনসচেতনতা বাড়াতে ২ অক্টোবর জাতীয় উৎপাদনশীলতা দিবস ঘোষণা করা হয়েছে। উৎপাদনশীলতাকে জাতীয় আন্দোলন হিসেবে স্বীকৃতি দেয়া হয়েছে। শ্রেষ্ঠ শিল্প প্রতিষ্ঠান ও উদ্যোক্তাদের উৎসাহ যোগাতে জাতীয়ভাবে 'প্রোডাকটিভিটি অ্যান্ড কোয়ালিটি পুরস্কার' প্রবর্তন করা হয়েছে।

**চামড়া শিল্পনগরীর অগ্রগতি:** দীর্ঘদিনের আইনি জটিলতা নিরসন করে সাভারের পরিবেশবান্ধব চামড়া শিল্পনগরীতে কেন্দ্রিয় বর্জ্যশোধনাগার (সিইটিপি) নির্মাণের কাজ চলছে।

**এসএমই শিল্পায়ন জোরদার:** জেলা পর্যায়ে অবস্থিত বিসিক শিল্প সহায়ক কেন্দ্রে ৬৪টি এবং বিভিন্ন ট্রেড বডিতে ০৭টি এসএমই হেল্পলাইন সেন্টার স্থাপন করা হয়েছে। দেশের বিভিন্ন এলাকায় অবস্থিত ১ শ' ৭৭টি সম্ভাবনাময় ক্ষুদ্র ও মাঝারি শিল্প ক্লাস্টার চিহ্নিত করেছে ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন। ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন ২০০৯ সাল থেকে এ পর্যন্ত এসএমই উদ্যোক্তাদের মাঝে সিঙ্গেল ডিজিট সুদে ১৩ কোটি টাকা জামানতবিহীন ঋণ প্রদান করেছে। শতকরা ৯ ভাগ হার সুদে বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে এ ঋণ দেয়া হয়েছে। খুব শীঘ্রই আরো ৬ কোটি টাকা জামানতবিহীন ঋণ দেয়া হবে। এছাড়া মহিলা উদ্যোক্তাদেরকে ০৭ লাখ টাকা থেকে ২৪ লাখ টাকা পর্যন্ত বন্ধকিবিহীন ঋণের ব্যবস্থা করা হয়েছে।




**চিনিকল লাভজনক করার উদ্যোগ:** ফরিদপুর সুগার মিলস্ এর বিএমআরই এবং ৭টি সুগার মিলের আধুনিকায়ণ কাজ সমাপ্তির পথে। চিনিকলে Co-generation of Power প্রকল্পের আওতায় বিদ্যুৎ উৎপাদন, 'র' সুগার থেকে রিফাইন্ড সুগার উৎপাদন, নতুন ডিস্টিলারি ইউনিট স্থাপন, প্রেসমাড ও স্পেন্ট ওয়াস থেকে বায়োফার্টিলাইজার বা জৈব সার উৎপাদন এবং সকল চিনিকলে সুগারবিট থেকে চিনি উৎপাদনের লক্ষ্যে পরীক্ষামূলকভাবে সুগার বিট উৎপাদন শুরু হয়েছে।

**ক্ষুদ্র ও কুটির শিল্পখাতে বিনিয়োগ:** গত চার বছরে বিসিকের নিজস্ব ঋণ কর্মসূচি, বাণিজ্যিক ব্যাংকের ফাইন্যান্সিং এবং উদ্যোক্তাদের নিজস্ব অর্থায়ন মিলিয়ে ক্ষুদ্র ও কুটির শিল্পখাতে মোট ১৫ হাজার ১শ' ৪৭ কোটি টাকা নতুন বিনিয়োগ হয়েছে। এর মাধ্যমে ২ লাখ ৬৫ হাজার ৬শ' ৪৫ জনের নতুন কর্মসংস্থান সৃষ্টি হয়েছে। বিসিক শিল্পনগরিগুলোতে নতুন ও পুরাতন শিল্প কারখানা মিলিয়ে এ সময় ১ লাখ ৯শ' ৩২ কোটি টাকার পণ্য উৎপাদন হয়েছে। এর মধ্যে ৫৭ হাজার ২শ' ৮৭ কোটি টাকার পণ্য রপ্তানি হয়েছে।

**নতুন শিল্পনগরী স্থাপনের উদ্যোগ:** সিরাজগঞ্জে ৪ শ' একর জমির ওপর বিসিক শিল্প পার্ক, মুন্সীগঞ্জের গজারিয়ায় এপিআই শিল্প পার্ক, বাউশিয়ায় গার্মেন্টস শিল্প পার্ক, কেরানীগঞ্জে প্লাস্টিক শিল্পনগরি, কুস্টিয়ার কুমারখালীতে বিসিক স্পেশাল ইকোনোমিক জোন (টেক্সটাইল), মিরসরাই বিসিক শিল্পনগরি, কুমিল্লা শিল্পনগরি-২ ও গোপালগঞ্জ বিসিক শিল্পনগরি সম্প্রসারণ প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে। এছাড়া, মিরসরাই উপজেলার ইছাখালী চর এবং আশেপাশের ৪৯ হাজার একর খাস জমিতে অর্থনৈতিক অঞ্চল স্থাপনের লক্ষ্যে দিয়ারা জরিপ চলছে। সীতাকুন্ড উপজেলার ৭টি মৌজা নিয়ে শিপ ব্রেকিং ও শিপ রিসাইক্লিং জোন ঘোষণা করা হয়েছে।

**মান সনদের স্বীকৃতি অর্জন ও বিএবি'র সক্ষমতা বৃদ্ধি:** ভারতের ন্যাশনাল বোর্ড ফর সার্টিফিকেশন বডিজ (NABCB) ইতোমধ্যে বিএসটিআই'র বেশ কয়েকটি পণ্যের মানসনদকে স্বীকৃতি দিয়েছে। আরো কিছু পণ্য খুব শীঘ্রই NABCB স্বীকৃতি পাবে। দেশিয় ল্যাবরেটরিগুলোর আন্তর্জাতিক গ্রহণযোগ্যতা অর্জনের লক্ষ্যে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি) অ্যাক্রেডিটেশন সনদ প্রদানের ক্ষমতা অর্জন করেছে। ইতোমধ্যে তিনটি ল্যাবরেটরি বিএবি থেকে ISO17025 অ্যাক্রেডিটেশন সনদ নিয়েছে।

**ভোজ্য তেলে ভিটামিন-এ সংযোজন কর্মসূচি:** দেশের শিশু-কিশোর ও গর্ভবতী মহিলাদের ভিটামিন-এ ঘাটতিজনিত রোগবালাই দূর করার লক্ষ্যে ইউনিসেফের সহায়তায় শিল্প মন্ত্রণালয় ভোজ্য তেলে ভিটামিন-এ সমৃদ্ধকরণ কর্মসূচি গ্রহণ করেছে। এ কর্মসূচির মাধ্যমে ১০ কোটি মানুষকে ভিটামিন-এ সমৃদ্ধ ভোজ্য তেলের আওতায় আনার কাজ চলছে।

**চিনিকলে ই-পূর্জি চালু:** চিনিকলগুলোর অপচয়রোধ, আখ ক্রয়ে স্বচ্ছতা ও চাষিদের হয়রানিরোধে ডিজিটাল পূর্জি বা ই-পূর্জি পদ্ধতি চালু হয়েছে। এ পদ্ধতি দক্ষিণ-পূর্ব এশিয়ার সর্বশ্রেষ্ঠ প্রযুক্তি পুরস্কার Manthan Asia Award অর্জন করেছে।



**বিদ্যুৎ সাশ্রয়ী সিএফএল বাতি উৎপাদন:** রাষ্ট্রায়ত্ত কারখানা ইস্টার্ণ টিউব লিমিটেড ইতোমধ্যে পূর্ণাঙ্গ এনার্জি সেভিং বাল্ব (সিএফএল) এবং টি-৮ টিউব লাইট উৎপাদনে সক্ষম হয়েছে।

**দ্বিপাক্ষিক পুঁজি বিনিয়োগ চুক্তি স্বাক্ষর:** ভারত, ডেনমার্ক, তুরস্ক, বেলারুশ ও সংযুক্ত আরব আমিরাতের সাথে দ্বি-পাক্ষিক পুঁজি বিনিয়োগ, উন্নয়ন ও সংরক্ষণ চুক্তি স্বাক্ষর হয়েছে। সৌদি আরব, ফিনল্যান্ড, ওমান, রাশিয়া, ইউক্রেন, কম্বোডিয়া ও বাহরাইনের সাথে বাংলাদেশের দ্বি-পাক্ষিক পুঁজি বিনিয়োগ চুক্তি স্বাক্ষরের বিষয়টি চূড়ান্ত পর্যায়ে রয়েছে।

**বিসিক শিল্পনগরীর অবকাঠামো উন্নয়ন:** ৯ কোটি ৭৫ লাখ টাকা ব্যয়ে বিসিকের নারায়ণগঞ্জ হোসিয়ারি শিল্পনগরী এবং চট্টগ্রাম কালুরঘাট শিল্পনগরী মেরামত, রক্ষণা-বেক্ষণ ও পুনর্বাসন প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে।



**জাক-জমকপূর্ণভাবে সিআইপি (শিল্প) কার্ড বিতরণ:** জাতীয় অর্থনীতিতে শিল্প উদ্যোক্তাদের অবদানের স্বীকৃতি হিসেবে জাক-জমকপূর্ণ অনুষ্ঠানের মাধ্যমে সিআইপি (শিল্প) কার্ড বিতরণের উদ্যোগ নেয়া হয়েছে। ২০১২ সালে ৩৫ জন বরেণ্য শিল্প উদ্যোক্তাকে সিআইপি (শিল্প) কার্ড বিতরণ করা হয়েছে।

**চলচ্চিত্রকে শিল্প হিসেবে ঘোষণা:** চলচ্চিত্র নির্মাতা, প্রযোজক, পরিচালক, শিল্পী ও কলাকুশলীদের দীর্ঘদিনের দাবির প্রেক্ষিতে চলচ্চিত্রকে শিল্প হিসেবে ঘোষণা করা হয়েছে।



শিল্প মন্ত্রণালয়ের অধীন দপ্তরসমূহ ■ বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন ■ বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন ■ বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন ■ বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন ■ বাংলাদেশ শিল্প কারিগরী সহায়তা কেন্দ্র ■ বাংলাদেশ স্টান্ডার্ডস এ্যান্ড টেস্টিং ইন্সটিটিউশন ■ বাংলাদেশ ইন্সটিটিউট অব ম্যানেজমেন্ট ■ ন্যাশনাল প্রডাক্টিভিটি অর্গানাইজেশন ■ পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর ■ প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় ■ বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড

জনগণের তথ্য অধিকার নিশ্চিতকরণের উদ্দেশ্যে প্রকাশনাটি নিবেদিত

Sakuntala 01744969696